

মিডওয়াইফ লেড কেয়ার ইউনিট



উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহে পরিচালিত মিডওয়াইফ লেড কেয়ার ইউনিটের মধ্যে মিডওয়াইফগণ বহিঃ বিভাগের এন্টিন্যাটাল কর্ণারে গর্ভবতী সেবা ও প্রসব-পরবর্তী সেবা দিয়ে থাকে। তারা আন্তঃবিভাগে স্বাভাবিক প্রসূতি সেবা, জরুরী প্রসূতি সেবা, অত্যাৱশ্যকীয় নবজাতকের যত্ন, হেল্পিং বেবিজ ব্রিথ, হেল্পিং মাদার সার্ভাইব, ইনফেকশন কন্ট্রোল, প্রয়োজনীয় ক্ষেত্রে রেফার করা ও প্রসব-পরবর্তী সকল প্রকার সেবা প্রদান করছে। নার্সিং সুপারভাইজার ও পাবলিক হেলথ নার্সগণের সার্বিক তত্ত্বাবধানে উক্ত কার্যক্রমগুলো নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে উত্তরোত্তর সফলতা পাচ্ছে। প্রতিটি সেবা প্রদানের সময় মিডওয়াইফগণ রোগী ও তাদের পরিবারবর্গের স্বাস্থ্য সম্মত জীবন ও স্বাস্থ্য অভ্যাস গড়ে তোলার পরামর্শ দেন এবং প্রাতিষ্ঠানিক প্রসব সেবা নেয়ার জন্য উদ্বুদ্ধ করে থাকেন। এর ফলে গ্রামাঞ্চলে মা ও শিশু মৃত্যু হার কমে আসছে, পাশাপাশি মা ও শিশুস্বাস্থ্য উন্নয়নসহ জনগণের স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতা বাড়ছে। মিডওয়াইফ লেড কেয়ার ইউনিটে অটিজমসহ মা ও শিশু স্বাস্থ্যের সকল প্রকার জটিলতা প্রাথমিক পর্যায়ে চিহ্নিত হচ্ছে। ফলে মা ও শিশু সুচিকিৎসা পাচ্ছে। টেকসই উন্নয়নের লক্ষ্যে এসডিজি-৩ অর্জনে মিডওয়াইফ লেড কেয়ার ইউনিটের মাধ্যমে মিডওয়াইফগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছেন।

মিডওয়াইফ লেড কেয়ার ইউনিটে কর্মরত মিডওয়াইফ

নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে দক্ষ শিক্ষক পদায়ন

জনগণের উন্নত স্বাস্থ্য সেবা নিশ্চিত করণের লক্ষ্যে উন্নত বিশ্বের ন্যায় বাংলাদেশে ও উচ্চ শিক্ষিত নার্স গড়ে তোলার জন্য সরকারি পর্যায়ে নার্সদের উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ আগের তুলনায় অনেক গুণে বৃদ্ধি করা হয়েছে। দক্ষ নার্স গড়ে তোলার অন্যতম প্রধান শর্ত হলো, নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে দক্ষ শিক্ষক পদায়ন করা। পরিবর্তনশীল বিশ্বে চিকিৎসা ও নার্সিং পদ্ধতি প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে। একই সাথে টিচিং-লার্নিং মেথডলজিতেও আসছে নানা ধরনের নতুন নতুন কৌশল। প্রতিনিয়ত পরিবর্তনশীল চিকিৎসা ও নার্সিং পদ্ধতি সম্পর্কে জ্ঞান বৃদ্ধি ও টিচিং-লার্নিং মেথডলজির নতুন কৌশলসমূহ রপ্ত করা নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষকদের জন্য অত্যন্ত জরুরি। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান সমূহে দক্ষ শিক্ষক পদায়নের উদ্দেশ্যে নভেম্বর ২০২০ মাসে সরকারি চাকুরির নার্সিং কর্মকর্তাদের নিকট আবেদন আহবান করা হয়। এর পরিপ্রেক্ষিতে বিপুল সংখ্যক আবেদন জমা পড়ে অধিদপ্তরে। অধিদপ্তর কর্তৃক উল্লিখিত যোগ্যতা যাচাই-বাছাই করে প্রাথমিকভাবে প্রার্থী নির্বাচন করা হয়। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের সম্মানিত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর সভাপতিত্বে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও মৌখিক পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে সারদেশ হতে মোট ২৫৭ জন নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষক নির্বাচন করা হয়।



বিষয় ভিত্তিক শিক্ষক নিয়োগের সাক্ষাৎকার গ্রহণ করছেন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয়



বিষয় ভিত্তিক শিক্ষক নিয়োগের সাক্ষাৎকার গ্রহণ করছেন ডিজএনএম এর মহাপরিচালক মহোদয়



অভিন্ন পদ্ধতিতে পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং ভর্তি পরীক্ষা আয়োজন বিষয়ে সভা অনুষ্ঠিত

অভিন্ন পদ্ধতিতে পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

২০২০-২০২১ শিক্ষাবর্ষ হতে সরকারি ও বেসরকারি নার্সিং কলেজে পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং ও বিএসসি ইন পাবলিক হেলথ নার্সিং কোর্সে শিক্ষার্থী ভর্তি করার লক্ষ্যে অভিন্ন পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া চালু করা হয়েছে। ২৭ নভেম্বর ২০২০ইং তারিখে অনুষ্ঠিত এই অভিন্ন ভর্তি পরীক্ষায় ৬৭৯৪ জন পরীক্ষার্থী অংশ গ্রহণ করে। তন্মধ্যে ৬২৫ ছাত্র-ছাত্রী বিভিন্ন সরকারি নার্সিং কলেজে অধ্যয়নের সুযোগ পেয়েছে এবং ১৮৭৫ ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বেসরকারি নার্সিং কলেজে অধ্যয়নের সুযোগ পেয়েছে।

নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান সমূহে অধ্যক্ষ পদায়ন

নার্সিং কলেজ ও ইনস্টিটিউটসমূহে দক্ষ ও অভিজ্ঞ অধ্যক্ষ পদায়নের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক বিজ্ঞপ্তি জারির মাধ্যমে আবেদন আহ্বান করা হয়। প্রাপ্ত আবেদনের ভিত্তিতে কর্মদক্ষতা ও অভিজ্ঞতা বিবেচনা করে বিভিন্ন নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যক্ষ পদায়ন করা হয়েছে।

৫ টি কলেজে পোস্ট বেসিক বিএসসি কোর্স চালুর অনুমোদন

হাসপাতাল ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে নার্সিং সেবার মান বৃদ্ধির জন্য দক্ষ ও শিক্ষিত নার্স তৈরির কোনো বিকল্প নেই। ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্স সম্পন্ন করার পর সরকারি পর্যায়ে পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং কোর্সে যেন অধিক সংখ্যক শিক্ষার্থী ভর্তি হতে পারে সে লক্ষ্যে ৫ টি বেসিক নার্সিং কলেজে বেসিক কোর্সের পাশাপাশি পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং ও পোস্ট বেসিক বিএসসি ইন পাবলিক হেলথ নার্সিং কোর্স চালুর প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। কলেজসমূহ হলো-

- ১। ময়মনসিংহ নার্সিং কলেজ
- ২। বরিশাল নার্সিং কলেজ
- ৩। সিলেট নার্সিং কলেজ
- ৪। রাজশাহী নার্সিং কলেজ
- ৫। রংপুর নার্সিং কলেজ

৯টি সরকারি নার্সিং কলেজে এমএসসি ইন নার্সিং কোর্স চালুর জন্য প্রশাসনিক অনুমোদন

বাংলাদেশে বিশেষায়িত নার্স গড়ে তোলা সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণার আলোকে নার্সদের বিষয় ভিত্তিক উচ্চ শিক্ষার জন্য ৯টি সরকারি নার্সিং কলেজে এমএসসি ইন নার্সিং কোর্স চালুর জন্য প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে। কলেজসমূহ হলো-

- ১। শের-ই-বাংলা নার্সিং কলেজ, ঢাকা
- ২। কীর্তিপাশা নার্সিং কলেজ, ঝালকাঠি
- ৩। রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী
- ৪। গোপালগঞ্জ নার্সিং কলেজ, গোপালগঞ্জ
- ৫। ময়মনসিংহ নার্সিং কলেজ, ময়মনসিংহ
- ৬। চট্টগ্রাম নার্সিং কলেজ, চট্টগ্রাম
- ৭। রংপুর নার্সিং কলেজ, রংপুর
- ৮। খুলনা নার্সিং কলেজ, খুলনা
- ৯। সিলেট নার্সিং কলেজ, সিলেট

এছাড়া কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকায় ইতোপূর্বে ১০টি বিষয়ে এমএসসি নার্সিং কোর্স চালু এবং নিয়ানার, ঢাকা এর আসন সংখ্যা দ্বিগুন করার প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।

পান্ডিত্যমণ্ডলী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সিস্টেম ও পরিচর্যা সেক্টর
পোস্ট বেসিক বিএসসি
স্বাস্থ্যসংক্রান্ত

তারিখ: ০৮-০৬-২০২৩ খ্রিঃ

বিষয়: ৫টি বেসিক নার্সিং কলেজ (১) ময়মনসিংহ নার্সিং কলেজ, (২) বরিশাল নার্সিং কলেজ, (৩) সিলেট নার্সিং কলেজ, (৪) রাজশাহী নার্সিং কলেজ, (৫) রংপুর নার্সিং কলেজ।

সূত্র: স্বাস্থ্য সিস্টেম ও পরিচর্যা সেক্টর নার্সিং ও মিডওয়াইফারি কোর্স চালুর জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়।

ক্রম	কলেজের নাম	কলেজের অবস্থান	কলেজের প্রধান	কলেজের প্রধানের ঠিকানা
১	ময়মনসিংহ নার্সিং কলেজ	ময়মনসিংহ	ড. ময়মনসিংহ	১০/১০/১০/১০/১০
২	বরিশাল নার্সিং কলেজ	বরিশাল	ড. বরিশাল	২০/২০/২০/২০/২০
৩	সিলেট নার্সিং কলেজ	সিলেট	ড. সিলেট	৩০/৩০/৩০/৩০/৩০
৪	রাজশাহী নার্সিং কলেজ	রাজশাহী	ড. রাজশাহী	৪০/৪০/৪০/৪০/৪০
৫	রংপুর নার্সিং কলেজ	রংপুর	ড. রংপুর	৫০/৫০/৫০/৫০/৫০

স্বাক্ষর: ০৮/০৬/২০২৩
০৮/০৬/২০২৩
০৮/০৬/২০২৩
০৮/০৬/২০২৩
০৮/০৬/২০২৩

পান্ডিত্যমণ্ডলী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সিস্টেম ও পরিচর্যা সেক্টর
পোস্ট বেসিক বিএসসি
স্বাস্থ্যসংক্রান্ত

তারিখ: ০৮-০৬-২০২৩ খ্রিঃ

বিষয়: ৯টি সরকারি নার্সিং কলেজে এমএসসি ইন নার্সিং কোর্স চালুর জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়।

সূত্র: স্বাস্থ্য সিস্টেম ও পরিচর্যা সেক্টর নার্সিং ও মিডওয়াইফারি কোর্স চালুর জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়।

ক্রম	কলেজের নাম	কলেজের অবস্থান	কলেজের প্রধান	কলেজের প্রধানের ঠিকানা
১	শের-ই-বাংলা নার্সিং কলেজ	ঢাকা	ড. শের-ই-বাংলা	১০/১০/১০/১০/১০
২	কীর্তিপাশা নার্সিং কলেজ	ঝালকাঠি	ড. কীর্তিপাশা	২০/২০/২০/২০/২০
৩	রাজশাহী নার্সিং কলেজ	রাজশাহী	ড. রাজশাহী	৩০/৩০/৩০/৩০/৩০
৪	গোপালগঞ্জ নার্সিং কলেজ	গোপালগঞ্জ	ড. গোপালগঞ্জ	৪০/৪০/৪০/৪০/৪০
৫	ময়মনসিংহ নার্সিং কলেজ	ময়মনসিংহ	ড. ময়মনসিংহ	৫০/৫০/৫০/৫০/৫০
৬	চট্টগ্রাম নার্সিং কলেজ	চট্টগ্রাম	ড. চট্টগ্রাম	৬০/৬০/৬০/৬০/৬০
৭	রংপুর নার্সিং কলেজ	রংপুর	ড. রংপুর	৭০/৭০/৭০/৭০/৭০
৮	খুলনা নার্সিং কলেজ	খুলনা	ড. খুলনা	৮০/৮০/৮০/৮০/৮০
৯	সিলেট নার্সিং কলেজ	সিলেট	ড. সিলেট	৯০/৯০/৯০/৯০/৯০

স্বাক্ষর: ০৮/০৬/২০২৩
০৮/০৬/২০২৩
০৮/০৬/২০২৩
০৮/০৬/২০২৩
০৮/০৬/২০২৩

নার্সিং বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রস্তাব

বাংলাদেশের নার্সিং শিক্ষার মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে এবং দেশে উচ্চ শিক্ষিত ও বিশেষায়িত নার্স ও মিডওয়াইফ তৈরির জন্য একটি নার্সিং বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। দেশে নার্সিং বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে উক্ত বিশ্ববিদ্যালয়ের অধীন বর্তমানে চলমান নার্সিং শিক্ষা কোর্স গুলি অধিভুক্ত করা যাবে। এছাড়া দেশেই নার্সিং ও মিডওয়াইফারি বিষয়ে পিএইচডি ডিগ্রি প্রদান করা সম্ভব হবে।

নার্সিং শিক্ষক প্রশিক্ষণ কলেজ

নার্সিং কলেজ ও ইনিস্টিটিউটে শিক্ষক হিসেবে পদায়নযোগ্য প্রার্থীদের দক্ষতা বৃদ্ধি ও বর্তমানে কর্মরত শিক্ষকদের সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন একটি নার্সিং শিক্ষক প্রশিক্ষণ কলেজ প্রতিষ্ঠার কার্যক্রম গৃহীত হয়েছে এবং এ সংক্রান্ত একটি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

উচ্চ শিক্ষাগ্রহণে নীতিমালা অনুসরণ

সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত নার্সদের সরকারি কিংবা বেসরকারি পর্যায়ে উচ্চ শিক্ষা গ্রহণে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রণীত উচ্চ শিক্ষা সংক্রান্ত নীতিমালা অনুসরণ বাধ্যতামূলক করা হয়েছে।

ছাত্র-ছাত্রীদের স্টাইপেন্ড প্রদান

করোনা মহামারী সময়ের মধ্যেও নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন নার্সিং কলেজ/ইনিস্টিটিউট সমূহে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের স্টাইপেন্ড বন্ধ না থাকে সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং ছাত্রছাত্রীদের স্টাইপেন্ড প্রদান করা হয়েছে।

পোস্ট বেসিক বিএসসি ইন মিডওয়াইফারি কোর্স চালুর অনুমোদন

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীনে ৫টি নার্সিং কলেজে মিডওয়াইফদের জন্য পোস্ট বেসিক বিএসসি ইন মিডওয়াইফারি কোর্স চালু করার প্রশাসনিক অনুমোদন গ্রহণ করা হয়েছে।

ছাত্র ছাত্রীদের ভাতা বৃদ্ধির উদ্যোগ

নার্সিং কোর্সে অধ্যয়রত ছাত্রছাত্রী ও ইন্টার্নদের ভাতা বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

মিডওয়াইফারি শিক্ষার্থী ভর্তির জন্য আসন বৃদ্ধি

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন ৭টি নার্সিং কলেজে ও ১২টি নার্সিং ইনস্টিটিউটে ০৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স চালু করার প্রশাসনিক অনুমোদন প্রধান করা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
(নার্সিং শিক্ষা শাখা)
www.nurses.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১৪৩.০৬.০৪.২০২০-৪২০

তারিখঃ ২৬-০৮-২০২১ খ্রিঃ

বিষয়ঃ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন ০৭ (সাত)টি নার্সিং কলেজ ও ১২ (বার)টি নার্সিং ইনস্টিটিউটে ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স চালু করণের প্রশাসনিক অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেফিতে গত ০২-০৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্বাহী কমিটির ৫ম সভার সিদ্ধান্ত অনুসরণে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন নিম্নোক্ত ০৭ (সাত)টি নার্সিং কলেজ ও ১২ (বার)টি নার্সিং ইনস্টিটিউটে ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স চালু করণের নিমিত্তে নিম্নলিখিত প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো:

ক্রমঃ	নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানের নাম	প্রস্তাবিত আসন সংখ্যা
১	কলেজ অব নার্সিং, শেরে বাংলা নগর, ঢাকা	২৫ (পঁচিশ)টি
২	নার্সিং কলেজ, কালকাঠী	২৫ (পঁচিশ)টি
৩	নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, দিনাজপুর	২৫ (পঁচিশ)টি
৪	নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, কক্সবাজার	২৫ (পঁচিশ)টি
৫	নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, চোলা	২৫ (পঁচিশ)টি
৬	নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, জামালপুর	২৫ (পঁচিশ)টি
৭	নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, মৌলভীবাজার	২৫ (পঁচিশ)টি
৮	নার্সিং ইনস্টিটিউট, রেজেকানা	২৫ (পঁচিশ)টি
৯	নার্সিং ইনস্টিটিউট, রংপুর, মাদারীপুর	২৫ (পঁচিশ)টি
১০	নার্সিং ইনস্টিটিউট, রংপুর	২৫ (পঁচিশ)টি
১১	নার্সিং ইনস্টিটিউট, ঠাণ্ডাইনবাংলা	২৫ (পঁচিশ)টি
১২	নার্সিং ইনস্টিটিউট, ঠাকুরগাঁও	২৫ (পঁচিশ)টি
১৩	নার্সিং ইনস্টিটিউট, ব্রাহ্মণবাড়িয়া	২৫ (পঁচিশ)টি
১৪	নার্সিং ইনস্টিটিউট, বাগেরহাট	২৫ (পঁচিশ)টি
১৫	নার্সিং ইনস্টিটিউট, চুয়াডাঙ্গা	২৫ (পঁচিশ)টি
১৬	নার্সিং ইনস্টিটিউট, মাগুরা	২৫ (পঁচিশ)টি
১৭	নার্সিং ইনস্টিটিউট, মাদারীপুর	২৫ (পঁচিশ)টি
১৮	নার্সিং ইনস্টিটিউট, বরগুনা	২৫ (পঁচিশ)টি
১৯	নার্সিং ইনস্টিটিউট, লক্ষ্মণাবাড়ী	২৫ (পঁচিশ)টি


২৬/৮/২০২১
(ইশরাত জামান)
উপসচিব
ফোন- ৯৫৪৬৪৪০

মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ ভুল রোড, মহাখালী, ঢাকা।

পিএইচডি ডিগ্রি গ্রহণের জন্য বিদেশে প্রেরণ

বাংলাদেশে মিডওয়াইফারি সেবা ও শিক্ষা ব্যবস্থাকে আরো উন্নত করার লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর হতে জাতীয় নার্সিং উচ্চ শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান (নিয়ানার) এর দুই জন ফ্যাকাল্টিকে মিডওয়াইফারি বিষয়ে পিএইচডি ডিগ্রি সম্পন্ন করার জন্য ইউএনএফপি এর অর্থায়নে পূর্ণ বৃত্তিতে মাহিদোল ইউনিভার্সিটি, থাইল্যান্ড এ পাঠানো হয়েছে।

নার্সিং কলেজের অবকাঠামো ও আদর্শ মানের ল্যাবরেটরি যন্ত্রপাতি বিষয়ে পরামর্শ কর্মশালা

খাগড়াছড়ি ও শহীদ তাজউদ্দীন আহমেদ নার্সিং কলেজের ডিপিপি প্রণয়নের নিমিত্ত একটি আদর্শ মানের কলেজ অবকাঠামো নির্মাণ ও আধুনিক মানের ভার্যুয়াল সিমুলেশন সহ অন্যান্য নার্সিং ও মিডওয়াইফারি প্র্যাক্টিকাল ল্যাব স্থাপনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি বিষয়ে একটি পরামর্শ কর্মশালা গত ১৮ জুলাই ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। কর্মশালাটিতে বিভিন্ন নার্সিং কলেজের অধ্যক্ষ ও ল্যাব বিষয়ে দক্ষ শিক্ষকগণ অংশগ্রহণ করেন।

Sexual and Reproductive Health Rights বিষয়ে ওয়েববেজড স্নাতকোত্তর কোর্সের জন্য প্রার্থী নির্বাচন

ইউএনএফপিএ এর সহযোগিতায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক ডালার্না ইউনিভার্সিটি, সুইডেন এর অধীনে Sexual and Reproductive Health Rights বিষয়ে ওয়েববেজড স্নাতকোত্তর কোর্সের জন্য ৩২ জন সিনিয়রস্টাফ নার্স (সার্টি ফাইড মিডওয়াইফ)-কে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হয়। নির্বাচিত প্রার্থীদের কোর্স সম্পর্কে ধারণা প্রদানের জন্য ২৪ মার্চ ২০২১ তারিখে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে ওরিয়েন্টেশন ও ইন্ট্রোডাকশন প্রোগ্রাম আয়োজন করা হয়।

নতুন নার্সিং কলেজ প্রতিষ্ঠা

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন নতুন ৬টি নার্সিং কলেজ ও ১টি নার্সিং ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়েছে। প্রতিষ্ঠানগুলি হলো-

- ১। শেখ হাসিনা নার্সিং কলেজ, সিরাজগঞ্জ
- ২। ঝালকাঠি নার্সিং কলেজ, কীর্তিপাশা, ঝালকাঠি
- ৩। সৈয়দা নাফিসা ইসলাম নার্সিং কলেজ, কিশোরগঞ্জ
- ৪। নড়াইল নার্সিং কলেজ, নড়াইল
- ৫। পাবনা নার্সিং কলেজ, পাবনা
- ৬। কুষ্টিয়া নার্সিং কলেজ, কুষ্টিয়া
- ৭। রাজৈর নার্সিং ইনস্টিটিউট, মাদারীপুর



নবনির্মিত ঝালকাঠি নার্সিং কলেজ



নবনির্মিত পাবনা নার্সিং কলেজ

নার্সিং কলেজে পদ সৃজন

১. নবনির্মিত ৩টি ও পুরাতন ৭টি নার্সিং কলেজের পদ সৃজনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
২. ১৬টি নার্সিং কলেজে আপগ্রেডেট নার্সিং ও মিডওয়াইফারি কলেজের পদ সৃজনের প্রস্তাব তৈরীর কাজ চলমান।

NIME ভিজিট সম্পন্ন

Nursing Institute Monitoring & Evaluation (NIME), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (ডিজিএনএম) এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম। বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহযোগিতায় ডিজিএনএম এর পরিদর্শন ও পর্যবেক্ষণ টিমের মাধ্যমে নার্সিং শিক্ষার মান নিশ্চিত করতে সরকারী নার্সিং ইনস্টিটিউটে নার্সিং শিক্ষার সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ করা হয়। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের পক্ষ থেকে পর্যবেক্ষণ ও মূল্যায়ন দল গত ০৫/১২/২০২০ ইং তারিখ হতে ০৭/১২/২০২০ ইং তারিখ পর্যন্ত নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জ, বরগুনা ও সেবা মহাবিদ্যালয়, মহাখালী, ঢাকা পরিদর্শন ও পর্যবেক্ষণ করে এবং প্রাপ্ত তথ্য ও উপাত্ত, মূল্যায়ন ও মতামত/সুপারিশমালা উপস্থাপন করে।

সিওই ভিজিট সম্পন্ন

১২-১৪ ডিসেম্বর ২০২০ তারিখে ৫টি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান- চাঁদপুর নার্সিং ইনস্টিটিউট, ময়মনসিংহ নার্সিং কলেজ, রাজশাহী নার্সিং কলেজ, রংপুর নার্সিং কলেজ ও পটুয়াখালী নার্সিং ইনস্টিটিউটে সেন্টার অব এক্সিলেন্স (সিওই) কার্যক্রম পরিদর্শনের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক টিম প্রেরণ করা হয়। পরিদর্শন টিম নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান পাঁচটি একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম অনুমোদিত চেক লিষ্টের মাধ্যমে মূল্যায়ন করে প্রতিবেদন প্রকাশ করে। প্রকাশিত ফলাফলে পাঁচটি প্রতিষ্ঠানই ৮০ নম্বরে বেশি স্কোর পেয়ে সেন্টার অব এক্সিলেন্স মর্যাদা লাভ করে।



মিডওয়াইফারি লেড কেয়ার ইউনিট পরিদর্শন

ডিজিএনএম -এ রিসার্চ শাখা চালু

নার্সিং ও মিডওয়াইফারি সেবা ও শিক্ষা খাতে গবেষণা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে অধিদপ্তরে একটি রিসার্চ শাখা চালু করা হয়েছে। উক্ত শাখার মাধ্যমে বিভিন্ন নার্সিং কলেজের শিক্ষকদের মধ্য হতে রিসার্চ মেন্টর নির্ধারণ করা হয়েছে। উক্ত মেন্টরগণকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তুলে শিক্ষার্থীদের রিসার্চ মেন্টর হিসেবে কাজ করার জন্য নিয়োজিত করা হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আই পি এইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২১২।

নং- ৪৫.০৩.০০০০.০০৮.১৪.০৭৯-২০২০.৭৪৩

তারিখঃ ২০/০৫/১৪২৭ বঙ্গ
২৫/০৮/২০২০ খ্রিঃ

বিষয়ঃ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ শাখা চালু করণ।

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বাংলাদেশের সকল সরকারি নার্স ও মিডওয়াইফারের নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান দেশের সকল সরকারি হাসপাতালে নার্সিং সেবার মান ও নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে নার্সিং শিক্ষার মান উন্নয়নে নিরলসভাবে কাজ করছে। প্রতিষ্ঠানে বিদ্যমান শাখা যথাক্রমে নার্সিং প্রশাসন; নার্সিং শিক্ষা, প্রশিক্ষণ ও উন্নয়ন; শৃঙ্খলা; পিএমআইএস ও সমন্বয়। রিসার্চ আধুনিক নার্সিং সেবা ও নার্সিং শিক্ষার একটি অবিচ্ছেদ্য অংশ বিধায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে চালু করা হলো নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ শাখা।

নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ শাখার কার্যক্রম সমূহঃ

১. নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ শাখাকে একটি আধুনিক রিসার্চ শাখা হিসাবে প্রতিষ্ঠা করা।
২. অধিদপ্তর এর আওতাধীন সকল নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে নার্সিং রিসার্চ কর্ণার স্থাপন ও চালু করা।
৩. সকল নার্সিং রিসার্চ কর্ণারে আবশ্যিক রিসার্চ সামগ্রী সরবরাহ করা।
৪. প্রত্যেক রিসার্চ কর্ণারের জন্য কমপক্ষে ০২ (দুই) জন রিসার্চ মেন্টর নিয়োগ করা।
৫. প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ রিসার্চ মেন্টর তৈরি করা।
৬. নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ শাখার সহিত রিসার্চ কর্ণারের সমন্বয় বৃদ্ধি করা।
৭. রিসার্চ মেন্টরদের রিসার্চ শিক্ষা কার্যক্রম তদারকি করা।
৮. শিক্ষার্থী কর্তৃক নার্সিং রিসার্চ কর্ণারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।
৯. শিক্ষার্থীদেরকে নার্সিং বিষয়ে রিসার্চ করতে সহায়তা করা।
১০. শিক্ষার্থীদেরকে মানসম্মত রিসার্চ সম্পন্ন করতে সহায়তা করা।
১১. নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ শাখার সহিত দেশীয় ও উন্নয়ন সহযোগী সংস্থার সাথে সম্পর্ক ও সমন্বয় বৃদ্ধি করা।
১২. জাতীয় পর্যায়ে নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ সেমিনার ও কনফারেন্স চালু করা।
১৩. মানসম্মত নার্সিং বিষয়ক রিসার্চ আন্তর্জাতিক রিসার্চ সেমিনার ও কনফারেন্সে প্রজেক্ট করতে সহায়তা করা।
১৪. রিসোর্স পার্সনদেরকে আন্তর্জাতিক রিসার্চ সেমিনার ও কনফারেন্সে অংশ গ্রহণ করতে সহায়তা করা।

২। রিসার্চ শাখা অবিলম্বে কার্যক্রম শুরু করবে।


সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে রিসার্চ শাখার সম্পাদিত কার্যাবলী

১। নার্সিং কলেজসমূহে রিসার্চ মেন্টর হতে আগ্রহী প্রার্থী হতে আবেদন পত্র আহবান।

মোট আবেদনকারী	৮২ জন
পরীক্ষায় (লিখিত ও মৌখিক) অংশগ্রহণকারী	৪২ জন
নির্বাচিত প্রার্থী	২৭ জন

- ২। নির্বাচিত প্রার্থীদের কে ০২ (দুই) সপ্তাহব্যাপী নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- ৩। অনলাইনে নার্সিং ও মিডওয়াইফারি জনমত জরিপ সম্পাদন করা হয়েছে এবং ফলাফল অধিদপ্তরকে কর্মশালার মাধ্যমে অবহিত করা হয়েছে।
- ৪। দ্বিতীয় পর্যায়ে নার্সিং কলেজ ও ইনস্টিটিউটসমূহে রিসার্চ মেন্টর হতে আগ্রহী প্রার্থী হতে আবেদন পত্র আহবান।

মোট আবেদনকারী	৬৯ জন
পরীক্ষায় (লিখিত ও মৌখিক) অংশগ্রহণকারী	৪৩ জন
নির্বাচিত প্রার্থী	১৫ জন

*নির্বাচিত প্রার্থীদের কে ০২ (দুই) সপ্তাহব্যাপী নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।

- ৫। কলেজ অব নার্সিং, মহাখালী ঢাকার নার্সিং রিসার্চ সেল পরিদর্শন ও রিসার্চ সেল চালুর লক্ষ্যে সম্ভাব্য উপকরণ সরবরাহের প্রস্তাব।
- ৬। নার্সিং ও মিডওয়াইফারি বিষয়ে গবেষকের/বিশেষজ্ঞগণের National and International Journal এ প্রকাশিত Manuscript এর সফট কপি সংগ্রহের উদ্যোগ গ্রহণ।

প্রেরণকৃত Manuscript	৬২ টি
----------------------	-------

৭। সকল নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ইনস্টিটিউটে কর্মরত শিক্ষকগণ ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/ হাসপাতালে কর্মরত নার্স ও মিডওয়াইফগণ হতে যারা নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে আগ্রহী তাদের নিকট হতে আবেদন আহবান করা হয়েছে।



নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে ডিজিটাইজেশন

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম বর্তমানে ডিজিটাইজড করা হয়েছে। তন্মধ্যে নিম্নলিখিত কার্যক্রম অন্যতম-

- অধিদপ্তরের প্রবেশপথে ডিজিটাল সাইনবোর্ড স্থাপন
- ডিজিটাল সভা কক্ষ ও ডিজিটাল সম্মেলন কক্ষ স্থাপন
- অনলাইন প্ল্যাটফর্মে মিটিং কার্যক্রম চালুকরণ
- অধিদপ্তরে ডিজিটাল প্রবেশ গেইট স্থাপন
- দর্শনার্থীদের জন্য অভ্যর্থনা কক্ষে টেলিভিশন স্থাপন

কর্মকর্তা ও কর্মচারীদের ডিজিটাল হাজিরা চালু

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ডিজিটাল হাজিরা ব্যবস্থা চালু করা হয়েছে। এই পদ্ধতিতে কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত উপস্থিতি, অনুপস্থিতি, বিলম্বে উপস্থিতি ইত্যাদি সফটওয়্যার এর মাধ্যমে অতি সহজেই নির্ণয় করা সম্ভব হবে।



দর্শনার্থীদের জন্য ডিজিটাল একসেস কার্ড পদ্ধতি চালু

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে প্রবেশের জন্য দর্শনার্থীদের জন্য ডিজিটাল একসেস কার্ড পদ্ধতি চালু করা হয়েছে। এই কার্ডের মাধ্যমে দর্শনার্থীদের পরিচয়, অধিদপ্তরে আগমন ও প্রস্থানের সময়, দর্শনকারী কর্মকর্তার নাম ইত্যাদি ভবিষ্যৎ অনুসন্ধানের জন্য সফটওয়্যারে সংরক্ষিত থাকবে।

পিএমআইএস শাখার উন্নয়ন

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের পিএমআইএস শাখাকে অধিকতর শক্তিশালী করার লক্ষ্যে ১৫ জন সিনিয়র স্টাফ নার্সকে সংযুক্তিতে পদায়ন করা হয়েছে। পিএমআইএস শাখার কাজসমূহকে আটটি বিভাগে বিভাজন করে বিভাগ-ওয়ারি নার্সিং কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা হয়েছে। পিএমআইএস শাখার অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে আধুনিক সেট-আপ প্রস্তুত করা হয়েছে। প্রতিটি বিভাগের হাসপাতালে কর্মরত নার্স, মিডওয়াইফ, নন-নার্সিং কর্মকর্তা-কর্মচারীগণের পিডিএস আপডেট কার্যক্রম চলমান আছে। পিএমআইএস শাখা হতে হাসপাতালে কর্মরত নার্সিং কর্মকর্তাগণের জন্য বেসিক কম্পিউটার প্রশিক্ষণ ও পিএমআইএস প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

নব নিয়োগপ্রাপ্ত সিনিয়র স্টাফ নার্সদের ইউনিক আইডি প্রদান

২০২০ সালে নিয়োগপ্রাপ্ত সিনিয়র স্টাফ নার্সগণকে পিএমআইএস এ অন্তর্ভুক্ত করার লক্ষ্যে ইউনিক আইডি প্রদান করা হয়েছে। একই সাথে সকল নার্সদের পিএমআইএস ও পিডিএস হালনাগাদ করা হয়েছে।





ডিজিএনএম এর কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আয়োজিত ই-নথি প্রশিক্ষণ

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে ই-নথি কার্যক্রম

২০২১ সালের মধ্যে “রূপকল্প-২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ” বাস্তবায়নে ই-নথির ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই লক্ষ্যে গত ৩০ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর, ২০২০ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে। জনাব মোহাম্মদ আব্দুল হাই, পরিচালক (প্রশাসন ও শিক্ষা) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর মহোদয়ের সভাপতিত্বে উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন জনাব সিদ্দিকা আক্তার, মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর। প্রকৌশলী মিমুইয়া ইসলাম চৌধুরী, সহকারী প্রোগ্রামার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের এর পরিচালনায় তিন দিন ব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালায় অধিদপ্তরের ১৮ জন কর্মকর্তা-কর্মচারী প্রশিক্ষণার্থী হিসাবে হাতে কলমে প্রশিক্ষণ গ্রহণ করেন। পরবর্তীতে উক্ত কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে ১৯-২০ নভেম্বর, ২০২০ তারিখে দুই দিন ব্যাপি রিফ্রেশমেন্ট প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমানে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে ই-ফাইলিং কার্যক্রম চলমান আছে।

চতুর্থ অধ্যায়

প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার

স্টেকহোল্ডার ওয়ার্কশপ আয়োজিত

বাংলাদেশে মিডওয়াইফারি শিক্ষা ও সেবা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে গত ২৮ ডিসেম্বর ২০২০ তারিখে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের কনফারেন্স রুমে Stakeholder Workshop on Midwifery Action Plan and Revised SOP for Midwifery Services শীর্ষক একটি কর্মশালা আয়োজন করা হয়। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মহাপরিচালক জনাব সিদ্দিকা আক্তারের সভাপতিত্বে উক্ত কর্মশালায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল ও ইউএনএফপিএ সহ বিভিন্ন উন্নয়ন সহযোগী ও বেসরকারি প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



মাঠ পর্যায়ে কর্মরত নার্স-মিডওয়াইফ ম্যানেজারদের দক্ষতা বৃদ্ধির কর্মশালা

মাঠপর্যায়ে কর্মরত নার্স-মিডওয়াইফ ম্যানেজারদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক গত ১-২ ডিসেম্বর এবং ৮-৯ ডিসেম্বর ২০২০ ইং তারিখে অধিদপ্তরের সম্মেলন কক্ষে দেশের বিভিন্ন হাসপাতালে কর্মরত নার্সিং ও মিডওয়াইফারি কর্মকর্তাদের জন্য ২ দিন ব্যাপী কর্মশালা আয়োজন করা হয়।



নার্সিং কলেজ ও ইনিস্টিটিউট ম্যানেজমেন্ট ওরিয়েন্টেশন প্রোগ্রাম শীর্ষক কর্মশালা

গত ২২/০৯/২০২০ ইং তারিখে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সম্মেলন কক্ষে নার্সিং কলেজ ও ইনিস্টিটিউট ম্যানেজমেন্ট ওরিয়েন্টেশন প্রোগ্রাম শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়।

নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান সমূহের অধ্যক্ষ, প্রভাষক, নার্সিং ইন্সট্রাকটর ও স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের নার্সিং সুপারিন্টেন্ডেন্ট ও নার্সিং সুপারভাইজারবৃন্দ এতে অংশগ্রহণ করেন। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয়।



সিনিয়র স্টাফ নার্সদের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ আয়োজিত

গত ০৫/১২/২০২০ ইং তারিখ হতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক সারা দেশের মোট ২৩ টি প্রশিক্ষণ কেন্দ্রে নব-নিয়োগ প্রাপ্ত সিনিয়র স্টাফ নার্সদের জন্য স্বাস্থ্য বিধি মেনে ওরিয়েন্টেশন প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। ২ সপ্তাহ ব্যাপী উক্ত প্রশিক্ষণে নব-নিয়োগ প্রাপ্ত নার্সদের চাকরিবিধি, কর্মপরিধি, গুদাচার ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ কর্মসূচিটি বর্তমানে চলমান আছে।



কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকায় নার্সেস ওরিয়েন্টেশন প্রশিক্ষণ পরিদর্শন করেন স্বাস্থ্যশিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সম্মানিত সচিব



রংপুর নার্সিং কলেজে নার্সেস ওরিয়েন্টেশন প্রশিক্ষণ উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার, রংপুর



সিনিয়র স্টাফ নার্সদের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন ডিজি এনএম এর সম্মানিত মহাপরিচালক ও পরিচালক (প্রশাসন ও শিক্ষা)

নার্স ও মিডওয়াইফদের এভিডেন্স বেজড প্র্যাকটিস প্রশিক্ষণ

গত ১২-১৩ সেপ্টেম্বর ২০২০ইং তারিখে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সম্মেলন কক্ষে নার্সিং কর্মকর্তাদের এভিডেন্সবেসড নার্সিং প্র্যাকটিস প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ২৭-২৮ সেপ্টেম্বর ২০২০ইং তারিখে অনলাইনে ৬৩ জন মিডওয়াইফকে এভিডেন্স বেসড মিডওয়াইফারি প্র্যাকটিস প্রশিক্ষণ প্রদান করা হয়।

সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা প্রশিক্ষণ

এপিএ-এর আবশ্যিক কর্মসম্পাদক সূচক এর আওতায় গত ২৪-২৭ আগস্ট ২০২০ইং তারিখে ডিজিএনএম এর সম্মেলন কক্ষে অধিদপ্তরের কর্মকর্তাদের সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ কর্মসূচি উদ্বোধন করেন মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

আইসিইউ প্রশিক্ষণ উদ্বোধন ও প্রশিক্ষণ সম্পন্নকারী নার্সগণের সনদপত্র বিতরণ অনুষ্ঠান

গত ২৫ এপ্রিল ২০২১ তারিখে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অডিটোরিয়ামে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক আয়োজিত আইসিইউ বিষয়ে ০৪ সপ্তাহ ব্যাপী বিশেষায়িত প্রশিক্ষণ কর্মসূচির ২য় ও ৩য় ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠান ও ১ম ব্যাচে প্রশিক্ষণ সম্পন্নকারী নার্সগণের সনদপত্র বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অনলাইনে যুক্ত ছিলেন জনাব জাহিদ মালেক এম.পি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন জনাব লোকমান হোসেন নিয়া, সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন অধ্যাপক ডাঃ আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং অধ্যাপক ডাঃ কাজী দ্বীন মোহাম্মদ, পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স এন্ড হসপিটাল, ঢাকা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব সিদ্দিকা আক্তার (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর। ২০২০-২১ অর্থবছরে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের উদ্যোগে সর্বমোট ৪৮০ জন সিনিয়র স্টাফ নার্সকে আইসিইউ বিষয়ে বিশেষায়িত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



আইসিইউ প্রশিক্ষণ উদ্বোধন ও প্রশিক্ষণ সম্পন্নকারী নার্সগণের সনদপত্র বিতরণ অনুষ্ঠান



আইসিইউ প্রশিক্ষণ কর্মসূচী

নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচি

নার্সিং কলেজ ও ইনস্টিটিউটে দক্ষ শিক্ষক পদায়নের লক্ষ্যে পরীক্ষার মাধ্যমে নির্বাচিত শিক্ষকগণের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি এডুকেশন এন্ড সার্ভিসেস অপারেশন প্লানের আওতায় ২০২০-২১ অর্থবছরে ৫৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২১-২২ অর্থবছরে আরো ৭টি ব্যাচে ১৯৮ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। গত ২৬/০৯/২০২১ তারিখ হতে ২য় ধাপে ০৪ সপ্তাহব্যাপী শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। এ পর্যায়ে কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকায় ০২ ব্যাচে মোট ৬০ জন নার্সিং শিক্ষক ও জাতীয় নার্সিং উচ্চশিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান (নিয়ানার), ঢাকায় ০২ ব্যাচে মোট ৪০ জন মিডওয়াইফারি শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হবে।



ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সের কারিকুলাম অনুযায়ী একটি কর্মশালা গত ১৫ ও ১৬ ফেব্রুয়ারি ২০২১ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। দুই দিন ব্যাপী এই কর্মশালায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সরকারি নার্সিং ইনস্টিটিউট সমূহে কর্মরত নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ ও নার্সিং ইনস্ট্রাক্টরগণ অংশগ্রহণ করেন।

ওরিয়েন্টেশন প্রশিক্ষণ মূল্যায়ন সভা

নব-নিয়োগকৃত নার্স ও মিডওয়াইফগণকে তাদের কার্যপরিধি, চাকুরির বিধি-বিধান, শৃংখলা ও আপিল বিধি ইত্যাদি সম্পর্কে অবগত করা ও কর্মক্ষেত্রে যেন তারা আত্মবিশ্বাসের সাথে রোগীর সেবা নিয়োজিত হতে পারে সে লক্ষ্যে ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদান করা হয়। ওরিয়েন্টেশন প্রশিক্ষণ আরো কার্যকর প্রক্রিয়ায় প্রদান নিশ্চিত করার লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক মূল্যায়ন সভা আয়োজন করা হয়। সভায় প্রশিক্ষণে ব্যয় সংক্রান্ত তথ্যাদি, প্রশিক্ষণ ভেন্যু সংক্রান্ত সুবিধা/অসুবিধা, রিসোর্স পারসনদের মূল্যায়ন, পরবর্তী প্রশিক্ষণ আরো মানসম্মত করতে করণীয় নির্ধারণ করা হয়।



শিক্ষক প্রশিক্ষণ রিসোর্স প্যানেল গঠন

শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচিটি দৃঢ়ভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে গত ০৩/০৮/২০২১ খ্রি. তারিখে রিসোর্স প্যানেল গঠনের জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হয়। আগ্রহী প্রার্থীদের আবেদন যাচাই-বাছাই পূর্বক ১১০ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। যোগ্যতা, অভিজ্ঞতা, প্রেজেন্টেশন স্কিল ও মৌখিক পরীক্ষার নম্বরের ভিত্তিতে মোট ১৪ জন দক্ষ রিসোর্স পারসন নির্বাচন করা হয়। নির্বাচিত রিসোর্স পারসনগণের মধ্যে থেকে ০৮ জনকে ০৪ সপ্তাহব্যাপী নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষক প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে নিযুক্ত করা হয়।



ICU ও IPC প্রশিক্ষণের জন্য রিসোর্স প্যানেল গঠন

ICU ও Infection Prevention and Control (IPC) প্রশিক্ষণের জন্য রিসোর্স প্যানেল গঠনের লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর হতে দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের নিকট আবেদন আহবান করা হয়। প্রাপ্ত আবেদন সমূহ যাচাই-বাছাই পূর্বক মন্ত্রণালয় ও অধিদপ্তরের প্রতিনিধি, নার্সিং কলেজের অধ্যক্ষ ও স্ব-স্ব বিভাগের বিশেষজ্ঞ প্রতিনিধির সমন্বয়ে গঠিত বোর্ডের মাধ্যমে আগ্রহী প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। যোগ্যতা, অভিজ্ঞতা, প্রেজেন্টেশন স্কিল ও মৌখিক পরীক্ষার নম্বরের ভিত্তিতে ICU ও IPC প্রশিক্ষণের জন্য রিসোর্স নির্বাচন করা হয়।

মানসিক স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ

কোভিড-১৯ পরিস্থিতিতে মানসিক স্বাস্থ্যের উপর বিশেষ গুরুত্ব প্রদান করে জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালে কর্মরত নার্সগণকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের পক্ষ হতে গত ১৭-২০ জুন ২০২১ তারিখে “Overview on Mental Health Nursing” বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।



NEMS এবং NIME Visit বিষয়ক প্রশিক্ষণ

Nursing & Midwifery Education Management System (NEMS) এবং Nursing Institute Monitoring & Evaluation (NIME) Visit Guideline বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের কর্মকর্তা ও নার্সিং কলেজ ও ইনস্টিটিউটের শিক্ষকগণের জন্য ১১ নভেম্বর ২০২০ একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২০২০-২১ অর্থ বছরে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের তালিকা

নার্সিং ও মিডওয়াইফারি এডুকেশন এন্ড সার্ভিসেস অপারেশন প্লানের আওতায় আয়োজিত প্রশিক্ষণ-

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	অংশ গ্রহণকারীর বিবরণ	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের সময়কাল
০১	Orientation Training	২৯১০ জন সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফ	১৫ দিন	জুলাই ২০২০- জুন ২০২১
০২	Teachers Training	৫৯ জন নার্সিং শিক্ষক	২৮ দিন	মে ২০২১
০৩	নার্স ম্যানেজারদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ	৯০ জন নার্সিং সুপারিন্টেনডেন্ট, ডেপুটি নাঃ সুপারিন্টেনডেন্ট, নার্সিং সুপারভাইজার, ডিপিএইচএন ও বিভাগীয় সহকারী পরিচালক	০৫ দিন	জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২১
০৪	ICU Nursing Training	৪৮০ জন সিনিয়র স্টাফ নার্স	২৮ দিন	মার্চ-জুন ২০২১
০৫	কম্পিউটার প্রশিক্ষণ	৮০ জন নার্সিং শিক্ষক	২৮ দিন	জানুয়ারি- ফেব্রুয়ারি ২০২১
০৬	Financial Management Training	৯০ জন অধ্যক্ষ, ইনস্ট্রাক্টর ইনচার্জ ও ডিজিএনএম এর নার্সিং কর্মকর্তা	১৫ দিন	জানুয়ারি-মে ২০২১
০৭	English Language Training	৬০ জন নার্সিং কর্মকর্তা	২৮ দিন	ডিসেম্বর ২০২০- ফেব্রুয়ারি ২০২১
০৮	Training on Research Methodology	৬০ জন নার্সিং শিক্ষক	১৫ দিন	ফেব্রুয়ারি-মার্চ ২০২১
০৯	Training on Geriatric Nursing	১২০ জন সিনিয়র স্টাফ নার্স	২৮ দিন	নভেম্বর ২০২০-মার্চ ২০২১
১০	NEMS Training	১৩৪ জন নার্সিং শিক্ষক	০৫ দিন	মার্চ-মে, ২০২১
১১	Training on Management of COVID-19	৬০০ জন নার্স ও মিডওয়াইফ	০৩ দিন	জুন-জুলাই ২০২১
১২	Infection Prevention and Control (IPC) Training	১২০ জন সিনিয়র স্টাফ নার্স	১৪ দিন	জুন ২০২১
১৩	প্রজেক্ট বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ	১৫ জন নার্সিং কর্মকর্তা	০৫ দিন	মার্চ ২০২১
১৪	Training for Midwifery Faculty	২৮ জন মিডওয়াইফ শিক্ষক	০২ দিন	ডিসেম্বর ২০২০
১৫	ToT Training on Management of Covid-19	২২ জন নার্সিং কর্মকর্তা	০৩ দিন	ডিসেম্বর ২০২০

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের পরিচালন বাজেটের আওতায় আয়োজিত প্রশিক্ষণ-

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	অংশ গ্রহণকারীর বিবরণ	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের সময়কাল
০১	Innovation Training	৩৪০ জন সিনিয়র স্টাফ নার্স	০২ দিন	অক্টোবর- ডিসেম্বর ২০২০
০২	Training on Quality Assurance in Hospital Ward Management	৩০ জন সিনিয়র স্টাফ নার্স	০৫ দিন	ফেব্রুয়ারি ২০২১
০৩	Training on Evidence Based Nursing	৩০ জন সিনিয়র স্টাফ নার্স	০২ দিন	ফেব্রুয়ারি ২০২১
০৪	অফিস ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ	১০৩ জন নার্সিং সুপারিন্টেন্ডেন্ট, ডেপুটি নাঃ সুঃ ও নার্সিং সুপারভাইজার	০২ দিন	জুন ২০২১
০৫	বেসিক কম্পিউটার প্রশিক্ষণ	৭৫ জন নার্সিং কর্মকর্তা	০৩ দিন	মার্চ ২০২১
০৬	পিএমআইএস সংক্রান্ত বেসিক কম্পিউটার প্রশিক্ষণ	৭৫ জন নার্সিং কর্মকর্তা	০৩ দিন	মে ২০২১
০৭	অফিস সংস্কারমূলক প্রশিক্ষণ			
০৮	শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশিক্ষণ	২৫০ জন সিনিয়র স্টাফ নার্স	০৩ দিন	মার্চ-এপ্রিল ২০২১
০৯	Financial Management বিষয়ক প্রশিক্ষণ	৬৫ জন নার্সিং কর্মকর্তা	০২ দিন	জুন ২০২১
১০	ই-নথি বিষয়ক প্রশিক্ষণ	৩০ জন নার্সিং কর্মকর্তা	০৩ দিন	জানুয়ারি ২০২১
১১	ওয়ার্ড ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ	২১০ জন সিনিয়র স্টাফ নার্স	০২ দিন	জুন ২০২১
১২	কমিউনিকেশন বিষয়ক প্রশিক্ষণ	১০০ জন নাঃ সুপারিন্টেন্ডেন্ট, নাঃ সুপারভাইজার ও সিনিয়র স্টাফ নার্স	০২ দিন	জুন ২০২১
১৩	সার্ভিস রুলস বিষয়ক প্রশিক্ষণ	৬৭ জন ডিপিএইচএন	০২ দিন	জুন ২০২১
১৪	ক্লিনিক্যাল টিচিং বিষয়ক প্রশিক্ষণ	১৩৬ জন নার্সিং শিক্ষক ও ওয়ার্ড ইনচার্জ	০২ দিন	জুন ২০২১
১৫	লিডারশিপ ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ	১১০ জন সিনিয়র স্টাফ নার্স	০৩ দিন	জুন ২০২১
১৬	এপিএ প্রশিক্ষণ ডিপিএইচএন	১২০ জন নার্সিং শিক্ষক ও	০২ দিন	জানুয়ারি জুন ২০২১
১৭	মানসিক স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশিক্ষণ	১১০ জন সিনিয়র স্টাফ নার্স	০৪ দিন	জুন ২০২১

National Seminar on Hospital Patient Care and Management System: Active Roles of Health Care Team



১৪ মার্চ ২০২১ তারিখে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক “National Seminar on Hospital Patient Care and Management System: Active Roles of Health Care Team” শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুল মান্নান, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ডাঃ আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং অধ্যাপক ডাঃ কাজী দ্বীন মোহাম্মদ, পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স এন্ড হসপিটাল, ঢাকা। সেমিনারে সভাপতিত্ব করেন জনাব সিদ্দিকা আক্তার (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর। সেমিনারে দেশের সকল সরকারি হাসপাতাল সমূহ হতে সেবা তত্ত্বাবধায়ক, উপ-সেবা তত্ত্বাবধায়ক, নার্সিং সুপারভাইজার, নার্সিং কলেজ ও ইনস্টিটিউট সমূহের অধ্যক্ষ ও ইনস্ট্রাক্টর ইনচার্জ, জেলা পাবলিক হেলথ নার্স, বিভাগীয় সহকারী পরিচালক (নার্সিং) সহ সকল নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সকল নার্সিং কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।



পঞ্চম অধ্যায়

কোভিড-১৯ মহামারীতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

সারা দেশে কোভিড ডেডিকেটেড হাসপাতালে নার্স পদায়ন

করোনা ভাইরাস আক্রান্ত রোগীদের নার্সিং সেবা প্রদান করার জন্য ও কোভিড সংক্রমণ মোকাবেলায় সারা দেশের সকল কোভিড ডেডিকেটেড হাসপাতালে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন কর্মরত নার্সগণকে পদায়ন করা হয়। এছাড়া কোভিড পরিস্থিতিতে গর্ভবতী মায়ের স্বাস্থ্য সেবায় নিরবচ্ছিন্ন ভাবে নিয়োজিত করা হয় মিডওয়াইফদের। আমাদের নার্স ও মিডওয়াইফগণ তাঁদের জীবন বাজি রেখে কোভিড মহামারীতে সম্মুখ সারির যোদ্ধা হিসেবে নিজেদের নিয়োজিত করেছেন। করোনা ভাইরাস আক্রান্ত রোগীকে সেবা প্রদান করতে গিয়ে কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছেন অনেক নার্স ও মিডওয়াইফ। করোনা যুদ্ধে আমরা হারিয়েছি দেশের বিভিন্ন সরকারি হাসপাতালে কর্মরত ৩৫ জন নার্স ও মিডওয়াইফকে।



কোভিড-১৯ আক্রান্ত রোগীকে সেবা প্রদান করছেন নার্স ও মিডওয়াইফবৃন্দ

করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় বিমানবন্দরে নার্স পদায়ন

করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় বাংলাদেশ হতে বিদেশগামী যাত্রী ও বিদেশ থেকে বাংলাদেশে আগত ব্যক্তিদের স্বাস্থ্য পরীক্ষা ও কোভিড নেগেটিভ সনদ যাচাই করে কোয়ারেন্টাইন ও অন্যান্য স্বাস্থ্য পরামর্শ প্রদানের জন্য হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের স্বাস্থ্য টিমে নার্স পদায়ন করা হয়েছে। করোনা মহামারীর শুরু থেকে অদ্যাবধি নার্সগণ বিমানবন্দরে দায়িত্ব পালন করে যাচ্ছেন।



বিমানবন্দরে কর্তব্যরত সিনিয়র স্টার্ট নার্সবৃন্দ



কোভিড ইউনিটে কর্মরত নার্স

এক নজরে করোনা ঝুঁকি মোকাবেলায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের কার্যক্রম

- ১। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ৫০৭৫ জন নতুন নার্স নিয়োগ
- ২। সারা দেশে কোভিড ডেডিকেটেড হাসপাতালে নার্স পদায়ন
- ৩। করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় বিমানবন্দরে নার্স পদায়ন
- ৪। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে কোভিড-১৯ জরুরী ব্যবস্থাপনা সেল চালু
- ৫। করোনা ডেডিকেটেড হাসপাতাল সমূহে কর্মরত নার্স ও মিডওয়াইফারদের কার্যক্রম, আবাসন ও অন্যান্য সুবিধা-অসুবিধার বিষয়ে নিয়মিত মনিটরিং করা
- ৬। করোনাকালীন অতিবয়স্ক, গর্ভবতী, ল্যাকটেটিং মাদার ও বিভিন্ন জটিল রোগে আক্রান্ত নার্সদের করোনা ইউনিটে দায়িত্ব না দিয়ে যথাসম্ভব নিরাপদ ওয়ার্ডে দায়িত্ব প্রদান
- ৭। ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে গর্ভবতী মায়ের সেবায় মিডওয়াইফদের সার্বক্ষণিক ভাবে নিয়োজিত রাখা।



কোভিড আইসিইউতে কর্মরত নার্স

কোভিড-১৯ রোগীরসেবায় নিয়োজিত নার্সগণের প্রণোদনা প্রদানও কোভিড-১৯ এ মৃত্যুবরণকারী নার্সগণের পরিবারকে ক্ষতিপূরণ প্রদান

ডেডিকেটেড কোভিড হাসাপতাল গুলোতে কর্মরত নার্সগণের মধ্যে প্রতিষ্ঠান থেকে প্রেরিত তালিকা মোতাবেক ১৫,৩২৮ জন সিনিয়র স্টাফ নার্সের তালিকা প্রণোদনা প্রদানের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে ৯,১০৬ জন সিনিয়র স্টাফ নার্স প্রণোদনা পেয়েছেন। কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে পর্যন্ত ৩৫ জন নার্স ও মিডওয়াইফ মৃত্যুবরণ করেছেন। তন্মধ্যে ৩৩ জনের পরিবারকে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ক্ষতিপূরণ প্রদানের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এর মধ্যে ২২ জন মৃত নার্সের ওয়ারিশগণ প্রণোদনা পেয়েছে। যে সকল নার্সগণের প্রণোদনা বাকি রয়েছে তাদের তালিকা, নাম যাচাই-বাছাইপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণের কার্যক্রম চলমান। (তথ্যঃ সেপ্টেম্বর ২০২১)



কোভিড ইউনিটে কর্মরত নার্সগণ



কোভিড-১৯ রোগীদের ব্যবস্থাপনা বিষয়ে নার্সদের প্রশিক্ষণ

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আয়োজনে এবং ইউএনএফপিএ ও আয়াত এডুকেশন লিঃ এর সহযোগিতায় গত ৮-১০ ডিসেম্বর ও ১৩-১৫ ডিসেম্বর দুইটি গ্রুপে নার্স ও মিডওয়াইফদের কোভিড-১৯ ভাইরাস আক্রান্ত রোগীদের ব্যবস্থাপনা বিষয়ে ৩ দিন করে প্রশিক্ষণ প্রদান করা হয়।



করোনা রোগীর সেবায় বিশেষ অবদান রাখায় নার্স ও মিডওয়াইফগণকে সম্মাননা প্রদান



আন্তর্জাতিক নারী দিবস-২০২১ এ দশজন নার্স ও মিডওয়াইফ কোভিড-১৯ আক্রান্ত রোগীর সেবায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নিকট হতে পদক গ্রহণ করেন।

No Mask – No Service

“No Mask-No Service” স্লোগানকে সামনে রেখে সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে সেবা প্রদান করা হচ্ছে। দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত সেবা গ্রহীতাদের মাস্ক পরিধানের জন্য ও স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য নিয়মিতভাবে সচেতন করা হচ্ছে। সেবা গ্রহীতাদের মধ্যে কেউ মাস্ক পরিধান না করলে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা তাকে যে কোনো ধরনের দাপ্তরিক সেবা প্রদান করা থেকে বিরত থাকছে।



করোনা রোগীর ব্যবস্থাপনায় সাফল্য

বৈশ্বিক করোনা ঝুঁকি মোকাবেলায় নার্স ও মিডওয়াইফগণ প্রথম সারির যোদ্ধা। করোনার এই মহা দুর্যোগে আমাদের নার্স ও মিডওয়াইফগণ নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে করোনা ভাইরাস আক্রান্ত রোগীর সেবায় নিজেদের সর্বদা নিয়োজিত রেখেছে। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কোভিড-১৯ ভাইরাস আক্রান্ত রোগীর সেবা নিশ্চিতকরণের জন্য কোভিড-১৯ ডেডিকেটেড হাসপাতালসমূহে সংযুক্তিতে নার্স ও মিডওয়াইফ পদায়ন করেছে। কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে বিশেষ সেল গঠনের মাধ্যমে নার্স ও মিডওয়াইফদের কার্যক্রমের বিষয়ে মনিটরিং করা হয়েছে। পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং কলেজ, নার্সিং উচ্চ শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান (নিয়ানার) ও জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান (নিপসম) এর ছাত্র-ছাত্রীদের ডেপুটেশন বাতিল করে তাদেরকেও করোনা রোগীর সেবায় নিয়োজিত করা হয়েছে।

কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রমে সারাদেশে নার্সগণ নিবেদিত ভাবে কাজ করে যাচ্ছেন।



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণ করছেন এবং পাশে আছেন তাঁর ছোট বোন শেখ রেহানা

শৃংখলা, অর্থ ও বাজেট এবং অপারেশনাল প্লান

নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের শৃংখলা বিভাগের প্রতিবেদন (জুলাই, ২০২০-জুন, ২০২১)

শৃংখলা/ বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/ বিভাগ এবং অধিদপ্তর/ সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/ অধিদপ্তর	প্রতিবেদনাবীন অর্থ বছরের (২০২০-২১) মন্ত্রণালয়/ অধিদপ্তর সংস্থাসমূহের পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাবীন বছরে নিম্পত্তিকৃত মামলার সংখ্যা				অনিম্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/ বরখাস্ত	অব্যাহতি	অন্যান্য দণ্ড	মোট	
নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা	১লা জুলাই, ২০২০ এ প্রাপ্ত	নতুন	মোট			
	৬৫	৪০	১০৫	০৩	১০	৯৫
			০৫			

২০২০-২১ অর্থ বছরের বাজেট বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যাদি

২০২০-২০২১ অর্থবছরে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মোট বরাদ্দ ও ব্যয় নিম্নরূপঃ

পরিচালন বাজেট:

(কোটি টাকায়)

ক্র.নং	বিভাগ	বরাদ্দ	ব্যয় (%)	মন্তব্য
১.	স্বাস্থ্য সেবা বিভাগ	২২৬৮.০০	২১৫০.০০ (৯৫%)	
২.	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	১৯১.০০	১৬০.০০ (৮৪%)	
মোট		২৪৫৯.০০	২৩১০.০০ (৯৪%)	

উন্নয়ন বাজেট:

(কোটি টাকায়)

ক্র.নং	বিভাগ	অপারেশনাল প্যান / প্রকল্পেরনাম এবং মোট প্রাক্কলিত ব্যয়বরাদ্দ	২০২০-২১ অর্থবছরের বরাদ্দ	ব্যয় (%)	মন্তব্য
১.	স্বাস্থ্যসেবাবিভাগ	ইউনিভার্সেল নার্সিং ইনস্টিটিউট স্থাপন প্রাক্কলিত ব্যয়: ২১.৯০ (জিওবি- ১০.৪৪, সংস্থার নিজস্ব অর্থ- ১১.৪৬)	০.২৮ (জিওবি-০.২৮)	(%)	প্রকল্পের অনুমোদিত মেয়াদ না থাকায় অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। বর্তমানে প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ সংশোধনের কাজ প্রক্রিয়াধীন।
২.	স্বাস্থ্যশিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	“নার্সিং ও মিডওয়াইফারি এডুকেশন এন্ডসার্ভিসেস” শীর্ষক অপারেশনাল প্লান প্রাক্কলিত ব্যয়: ৪০৬.৮৫ (জিওবি-৯৪.১৭, প্রকল্পসহায়তা- ৩১২.৬৮)	৩৫.৭০ (জিওবি-১২.৯০ প্রকল্প সহায়তা- ২২.৮০)	৩২.১৩ (জিওবি-১১.৩৩, প্রকল্প সহায়তা- ২০.৮০) (৯০.০১%)	
মোট			৩৫.৯৮	৩২.১৩ (৮৯.৩%)	

২০২০-২০২১ অর্থবছরের পরিচালন ও উন্নয়নসহ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মোট বরাদ্দ ২৪৯৪.৯৮ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ২৩৪২.১৩ কোটি টাকা, যা মোট বরাদ্দের ৯৩.৮৭%।

নার্সিং ও মিডওয়াইফারি এডুকেশন এন্ড সার্ভিসেস শীর্ষক অপারেশনাল প্লানের ২০২০-২১ অর্থ বছরের মূল কার্যক্রম ও সাফল্য

- ১। ০৪ টি পলিসি গাইডলাইন, প্লান, স্ট্যান্ডার্ড সেট আপ করা হয়েছে।
- ২। ১১ টি ওয়ার্কসপ/ফোকাসগ্রুপ ডিসকাশনের মাধ্যমে অর্গানোগ্রাম আপডেট করা হয়েছে।
- ৩। ০৪ জেলায় সংশ্লিষ্ট নার্সিংকলেজ/ইনস্টিটিউটের মাধ্যমে মিডওয়াইফারি লেড কেয়ার চালু করা হয়েছে।
- ৪। ৫৯ জন নার্স শিক্ষক ও ৯০ জন নার্স ও মিডওয়াইফ ম্যানেজার প্রশিক্ষণ দেয়া হয়েছে।
- ৫। ২৯১০ জন নব নিয়োগ প্রাপ্ত সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফদের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ, ৪৮০ জন আইসিইউ ও ৬১০ জন স্পেশালাইজড প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ৬। নন নার্সিং স্টাফদের কম্পিউটার ও ফাইন্যান্সিয়াল প্রশিক্ষণ দেয়া হয়েছে।
- ৭। ৩৮ টি নার্সিং ইনস্টিটিউট ও নার্সিং কলেজে অধ্যয়নরত ৩ বছরের মিডওয়াইফারি ছাত্রীদের বৃত্তি ও শিক্ষকদের সম্মানি দেয়া হয়েছে।
- ৮। রিসার্চ সেল কে শক্তিশালী করার জন্য ট্রেনিং ম্যানুয়াল ডেভেলপ করার জন্য প্রশিক্ষণ দেয়া হয়েছে। ট্রেনিং ম্যানুয়াল প্রিন্ট করা হয়েছে এবং রিসার্চ করার জন্য ২টি ব্যাচকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।
- ৯। ১৫০০ টি অর্ধবার্ষিকী নিউজলেটার প্রকাশিত হয়েছে।
- ১০। পিএমআইএস কে শক্তিশালী করার লক্ষ্যে ১০টি নার্সিং কলেজে ওয়েবসাইট তৈরি করা হয়েছে।
- ১১। ৬৮ টি নার্সিং কলেজ ও ইনস্টিটিউটের জন্য কম্পিউটার ও লজিস্টিকস, ফ্রিজ, ফটোকপিয়ার, ল্যাবরেটরি ইকুইপমেন্ট সরবরাহ করা হয়েছে।
- ১২। ২৯ টি জেলা পাবলিক হেলথ নার্স অফিসে কম্পিউটার ও লজিস্টিকস এবং ফটোকপিয়ার সরবরাহ করা হয়েছে।
- ১৩। ডিজিএনএম প্রধান কার্যালয়ে বঙ্গবন্ধুর ম্যুরাল, ফ্লোরেন্স নাইটিঙ্গেল এর ম্যুরাল, ইন্টারনেট স্থাপন ও সংযোগ বাস্তবায়ন করা হয়েছে।
- ১৪। নব নির্মিত নার্সিং কলেজে ফার্মিচার সরবরাহ করা হয়েছে।
- ১৫। আসবাপত্র, যন্ত্রাংশ ও যানবাহন মেরামত ও সার্ভিসিং করা হয়েছে।
- ১৬। ডিপ্লোমা ইন মিডওয়াইফারি বিষয়ে ১ম, ২য় ও ৩য় বর্ষে অধ্যয়নরত ২৯৫০ জন ছাত্রীকে নির্ধারিত হারে স্টাইপেন্ড প্রদান করা হয়েছে।

সপ্তম অধ্যায়

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন ও শুদ্ধাচার

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহত করণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতিবছর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করা হয়ে থাকে। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় মহোদয়ের উপস্থিতিতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ও স্বাস্থ্য সেবা বিভাগ এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের মধ্যে ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। স্বাস্থ্যসেবা বিভাগের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ ও মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর উপস্থিত ছিলেন এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার বিভাগের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর উপস্থিত ছিলেন। স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সকলের অবগতির জন্য মন্ত্রিপরিষদ এপিএ এমএস এ আপলোড করা হয়েছে এবং ডিজিএনএম এর ওয়েবসাইটে “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি” সেবা বক্সে আপলোড করা হয়েছে।



স্বাস্থ্য সেবা বিভাগের সাথে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের এপিএ স্বাক্ষর অনুষ্ঠান



স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সাথে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের এপিএ স্বাক্ষর অনুষ্ঠান

২০২০-২১ অর্থবছরের এপিএ পুরস্কার

- ♦ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের মূল্যায়ন অনুযায়ী ২০২০-২১ অর্থবছরে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর সূচকসমূহ অর্জনের ক্ষেত্রে ১ম স্থান অর্জন করেছে।
- ♦ মন্ত্রিপরিষদ বিভাগ ও স্বাস্থ্য সেবা বিভাগ হতে মূল্যায়িত ফলাফল অনুযায়ী ২০২০-২১ অর্থবছরে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর সূচকসমূহ অর্জনের ক্ষেত্রে ৮৪.৫২ নম্বর পেয়ে স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ৮টি দপ্তর/সংস্থসমূহের মধ্যে ২য় স্থান অর্জন করেছে।

ডিজিএনএম এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির গুরুত্বপূর্ণ কার্যক্রম

- ১। আইসিএম মান অনুযায়ী প্রশিক্ষণ প্রাপ্ত রেজিস্টার্ড মিডওয়াইফ এর সংখ্যা বৃদ্ধিকরণ।
- ২। নব-নিয়োগকৃত সিনিয়র স্টাফ নার্সদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ।
- ৩। ডিজিএনএম কর্তৃক নার্সিং ও মিডওয়াইফারি বিষয়ক যাদুসিক নিউজলেটার এবং এইচআর রিপোর্ট প্রকাশ।
- ৪। নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও সেবা প্রতিষ্ঠানে সিওপি প্রাকটিস চালুকরণ।
- ৫। মিডওয়াইফ পরিচালিত ইউনিট সম্প্রসারণ।
- ৬। গর্ভকালীন, প্রসবকালীন ও প্রসব পরবর্তী পরিচর্যা বিষয়ে প্রশিক্ষিত নার্স ও মিডওয়াইফ এর সংখ্যা বৃদ্ধিকরণ।
- ৭। নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও সেবা প্রতিষ্ঠানের পরিদর্শন সংখ্যা বৃদ্ধি।

- ৮। অন-জব প্রশিক্ষণ চালমান রাখা।
- ৯। নব-নিয়োগকৃত সিনিয়র স্টাফ নার্সদের করোনা সংক্রমন বিষয়ক প্রশিক্ষণ প্রদান।
- ১০। ডিজিএনএম এর ওয়েবসাইট ও পিএমআইএস ব্যবস্থাপনা হালনাগাদ করা।
- ১১। Training Management System(TMI) চালুকরণ।
- ১২। শিশুস্বাস্থ্য বিষয়ে নার্সগণকে প্রশিক্ষণ প্রদান ও শিশু বিভাগে পদায়ন।
- ১৩। ১০ টি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানকে সেন্টার অব এক্সিলেন্স হিসেবে উন্নিতকরণ পূর্বক স্বীকৃতি প্রদান।
- ১৪। নিয়ানার কর্তৃক আন্তর্জাতিক জার্নাল প্রকাশ।
- ১৫। নার্স ও মিডওয়াইফগণের উচ্চশিক্ষা কার্যক্রম চালু রাখা।
- ১৬। ডিজিএনএম এর আওতাধীন সকল নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে নেমস চালু রাখা।
- ১৭। Neurodevelopmental Disorder (Autism) বিষয়ক নার্সিং ও মিডওয়াইফারি সেবা পর্যবেক্ষণ।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্জন সমূহ

- ◆ নব-নিয়োগ প্রাপ্ত নার্সদের ওরিয়েন্টেশন ট্রেনিং চলমান।
- ◆ ৭টি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে নার্সিং ইনস্টিটিউট মনিটরিং এন্ড ইভালুয়েশন (NIME) ভিজিট সম্পন্ন ও প্রতিবেদন প্রকাশিত।
- ◆ ৫টি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানের এসেসমেন্ট সম্পন্নপূর্বক সেন্টার অব এক্সিলেন্স (COE)হিসেবে স্বীকৃতি প্রদান ও প্রতিবেদন প্রকাশ।
- ◆ সকল নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু'র জীবনী ও আদর্শ সম্পর্কে ২টি করে সেশন আয়োজিত।
- ◆ নার্স ও মিডওয়াইফদের জন্য ইবিএন প্রশিক্ষণ আয়োজিত।
- ◆ ষাণ্মাসিক নিউজ লেটার প্রকাশিত।
- ◆ ওয়েবসাইট ও পিএমআইএস হালনাগাদ চলমান।
- ◆ শুদ্ধাচার কর্মপরিকল্পনা কার্যক্রম বাস্তবায়িত।
- ◆ ই-নথি চালুকরণ।
- ◆ ভার্চুয়াল প্লাটফর্মে মিটিং কার্যক্রম চালুকরণ।
- ◆ সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন।
- ◆ ২৫০ জন নার্সিং কর্মকর্তাকে শিশু স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান সম্পন্ন।
- ◆ নব নিয়োগকৃত ২৯১০ জন সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফকে ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদান।
- ◆ ৬০০ জন নার্স ও মিডওয়াইফকে করোনারোগীর সেবা ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- ◆ ৪৮০ জন নার্সকে আইসিইউ বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- ◆ ১৫০ জন নার্সকে ইনফেকশন প্রিভেনশন ও কন্ট্রোল বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- ◆ গর্ভপাত ও প্রসবপরবর্তী পরিচর্যা বিষয়ে ১৯৫ জন মিডওয়াইফকে প্রশিক্ষণ প্রদান।
- ◆ নিয়ানার কর্তৃক Journal of South Asian Nursing প্রকাশিত।
- ◆ ৫ টি পোস্ট বেসিক ও ১ টি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান (নিয়ানার) এ মোট ৬৮৫ জন শিক্ষার্থী ভর্তি কার্যক্রম সম্পন্ন।
- ◆ ডিজিএনএম এর আওতাধীন সকল নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন ভিত্তিক নার্সিং মিডওয়াইফারি এডুকেশন ম্যানেজমেন্ট সিস্টেম (নেমস) চালুকরণ সম্পন্ন।
- ◆ Neuro Developmental Disorder (NDD) বিষয়ক নার্সিং ও মিডওয়াইফারি সেবা পর্যবেক্ষণ সম্পন্ন।

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রম

নাগরিক সেবায় উদ্ভাবন প্রশিক্ষণ ও প্রোজেক্ট-

উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর আলোকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর হতে হাসপাতাল ও নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত নার্সিং কর্মকর্তাগণের জন্য ২দিন ব্যাপি উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করা হয়। গত অর্থবছরে ৬ ব্যাচে মোট ৩৪০ জন নার্সিং কর্মকর্তা এই প্রশিক্ষণ গ্রহণ করেন। এছাড়া উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সকল কর্মকর্তাদের ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

বর্তমানে ৩ টি উদ্ভাবনী প্রকল্পের পাইলটিং কার্যক্রম চলমান

- ১। “রোগীর সেবায় নাইটিংগেল এ্যাপ্রোচ” এই সেবাটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও মডার্ন নার্সিং এর প্রবর্তক ফ্লোরেন্স নাইটিংগেল এর ২০০শত জন্মবার্ষিকী উপলক্ষে উৎসর্গ করা হয়েছে। (উদ্যোক্তা-শাহীনুর খানম, সিনিয়র স্টাফনার্স, ডিজিএনএম)।
- ২। “দাপ্তরিক চিঠি-পত্র সহজিকরণ” (উদ্যোক্তা-শাহিনুর বেগম, অধ্যক্ষ, বালকাঠি নার্সিং কলেজ, বালকাঠি)
- ৩। “সেবা সহজিকরণে মাতৃত্বকালীন ছুটি” (উদ্যোক্তা- রেহেনা খাতুন, সহকারী পরিচালক- প্রশাসন, ডিজিএনএম)



নাগরিক সেবায় উদ্ভাবন প্রশিক্ষণ



“সেবা ফেরিওয়ালা” উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নে সভা

সেবা সহজিকরণ ও উদ্ভাবন বিষয়ক কর্মশালা

গত ০২-০৩ জুন, ০৬-০৭ জুন এবং ০৮-০৯ জুন ২০২১ তারিখে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে হাসপাতালে কর্মরত নার্সিং কর্মকর্তাদের জন্য সেবা সহজিকরণ ও নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে দুটি কর্মশালা আয়োজন করা হয়।



নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ইনোভেশন প্রকল্প স্বাস্থ্য সেবা বিভাগে প্রশংসিত

স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রমকে আরো জনবান্ধব করার উদ্দেশ্যে ২০২০-২১ অর্থবছরে জনাব শাহিনুর বেগম, অধ্যক্ষ, ঝালকাঠি নার্সিং কলেজ “দাপ্তরিক চিঠি-পত্র সহজিকরণ” শীর্ষক ইনোভেশন প্রকল্প এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের নার্সিং কর্মকর্তা জনাব শাহিনুর খানম “নাইটিংগেল এপ্রোচ” শীর্ষক ইনোভেশন প্রকল্প পাইলটিং করার উদ্যোগ নেন। তাদের এই উদ্যোগ সম্মানিত সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রশংসিত হয়।



সেবা সহজিকরণ কর্মশালার অংশগ্রহণকারীবৃন্দ

ইনোভেশন প্রকল্পের তালিকা

জুলাই ২০২০ হতে জুন ২০২১ সময়কালের মধ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের উদ্ভাবনী প্রকল্পের তালিকাঃ

ক্রম	উদ্ভাবনী আইডিয়ার শিরোনাম	উদ্ভাবক	বাস্তবায়নের স্থান
০১	বদলী সহজীকরণ	ফিরোজা বেগম উপ-পরিচালক	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
০২	বাজেট ব্যবস্থাপনা সহজীকরণ	নাসরিন খানম উপ-পরিচালক	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
০৩	পিডিএস হালনাগাদ করণ	শিরীন আখতার উপ-পরিচালক	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
০৪	এসিআর সংরক্ষণ নিশ্চিত করণ	শিরীন আক্তার বানু সহকারী পরিচালক	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
০৫	পদোন্নতি সহজীকরণ	নাসিমা আক্তার নার্সিং অফিসার	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
০৬	একনজরে অভিযোগ সহজীকরণ	রেবেকা বেগম সহকারী পরিচালক	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
০৭	বাজেট বিতরণ ও আর্থিক ব্যবস্থাপনা সহজীকরণ	মোঃ নুরুল হক হিসাব রক্ষণ কর্মকর্তা	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
০৮	সেন্ট্রাল ট্রেনিং প্রোগ্রাম ফরনিউনার্সেস	ড. মোঃ আব্দুল লতিফ ডিপিএম	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
০৯	নার্সিং এডুকেশন প্রোগ্রাম সহজীকরণ	মোঃ খায়রুল কবির কো-অর্ডিনেটর	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
১০	ই-রিপোর্টিং সিস্টেম	মোছাঃ ফরিদা ইয়াসমিন নার্সিং অফিসার	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
১১	ইন্টারনেট ব্যবহার সহজীকরণ	রাজ্জাক মন্ডল নার্সিং অফিসার	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
১২	দাপ্তরিক চিঠিপত্র সহজীকরণ	আফরোজা বানু নার্সিং অফিসার	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
১৩	ভিজিটর ফ্রেন্ডলি সার্ভিস	আফরোজা বানু নার্সিং অফিসার	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
১৪	মিশ্র শিক্ষণ	হালিমা খাতুন, অধ্যক্ষ শাহীনুর বেগম, অধ্যক্ষ ঝালকাঠি নার্সিং কলেজ	ঢাকা নার্সিং কলেজ, ঢাকা
১৫	“মার্তৃত্বকালীন” ছুটি সহজীকরণ	রেহেনা খাতুন সহকারী পরিচালক	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
১৬	রোগীর সেবায় “নাইটিংগেল এপ্রোচ”	শাহীনুর খানম নার্সিং অফিসার	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।
১৭	আগত শ্রমার্থীদের সঠিক সেবা প্রদানের লক্ষ্যে সঠিক নির্দেশনা প্রদান	মোঃ দীন ইসলাম অফিস সহকারী	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী ঢাকা।

২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার অর্জন

- ১। তিন মাস পরপর দুইটি নৈতিকতা সভা আয়োজন করা হয়েছে ও সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন করা হয়েছে।
- ২। অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ৩। প্রতিটি প্রশিক্ষণের জন্য নীতিমালা ও ম্যানুয়াল পরিমার্জন করা হয়েছে।
- ৪। নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও সেবা কার্যক্রমের মানোন্নয়নের জন্য শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- ৫। তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়েছে।
- ৬। বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- ৭। ই-নথি ও ই-টেন্ডার কার্যক্রম চালু করা হয়েছে।
- ৮। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে।
- ৯। দুর্নীতি প্রতিরোধে সকল শিক্ষা ও সেবা প্রতিষ্ঠান মনিটরিং কার্যক্রম চলমান।
- ১০। শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।
- ১১। ফিডব্যাক কর্মশালা আয়োজন করা হয়েছে।
- ১২। গণশুনানি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

দুর্নীতি প্রতিরোধে হাসপাতালসমূহে আকস্মিক পরিদর্শন

সরকারি হাসপাতালসমূহে নার্সিং ও মিডওয়াইফারি সেবা কার্যক্রমে সকল প্রকার দুর্নীতি প্রতিরোধে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক ঢাকা শহরের সকল হাসপাতালসমূহে আকস্মিক পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ

ঢাকাস্থ সকল হাসপাতাল, জেলা সদর হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতালসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি কর্মকর্তাগণের জন্য সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর হতে অর্থ বরাদ্দ দেয়া হয়।

হাসপাতালে গণশুনানি আয়োজন

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়নের লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক গত ২৬/১১/২০২০ ইং তারিখে ২৫০ শয্যা বিশিষ্ট টিবি হাসপাতাল, শ্যামলী, ঢাকা-এর বহিঃ বিভাগে রোগী ও রোগীর স্বজনদের জন্য গণশুনানির আয়োজন করা হয়। উক্ত গণশুনানিতে অধিদপ্তরের সমন্বয় শাখার দু'জন কর্মকর্তা বহিঃ বিভাগে আগত রোগী ও রোগীর স্বজনদের কাছ থেকে উক্ত হাসপাতালের নার্সবৃন্দের সেবার মান সম্পর্কে মতামত গ্রহণ করেন। রোগী ও রোগীর স্বজনরা ওই হাসপাতালে নার্সদের সেবার মান, সন্তুষ্টি, প্রত্যাশা ও তাদের পরামর্শ জানান। গণশুনানি শেষে অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ রোগী ও রোগীর স্বজনদের মতামত ও প্রত্যাশার বিষয়ে কর্তব্যরত নার্সবৃন্দ ও স্থানীয় কর্তৃপক্ষকে অবহিত করেন।



বরগুনা নার্সিং ইনস্টিটিউটে শুদ্ধাচার সভা আয়োজিত

গত ০৬ ডিসেম্বর ২০২০ তারিখে বরগুনা নার্সিং ইনস্টিটিউটে ডিজি এনএম প্রতিনিধির উপস্থিতিতে একটি শুদ্ধাচার সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মরিয়ম আক্তার, নার্সিং ইন্সট্রাকটর ইনচার্জ। সভায় ইনস্টিটিউটের কর্মপরিবেশ সুন্দর রাখা, নৈতিকতার সাথে কাজ করা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে আলোচনা করা হয় ও বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করা হয়।



নার্সিং সেবার মান উন্নয়নে সেবা কার্যক্রমের বর্তমান অবস্থা পর্যবেক্ষণের জন্য হাসপাতাল পরিদর্শন

হাসপাতালে নার্সিং সেবার মান উন্নয়নে সেবা কার্যক্রমের বর্তমান অবস্থা পর্যবেক্ষণের জন্য হাসপাতাল পরিদর্শনের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের শুদ্ধাচার টিম গত ২৯/০৭/২০২১ তারিখে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) পরিদর্শন করে।



সংক্রামক ব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকায় গণ-শুনানী আয়োজন

হাসপাতালে আগত রোগী এবং তাদের অভিভাবকদের কাছ হাসপাতালে নার্সিং সেবার মান ও প্রত্যাশা সম্পর্কে জানার জন্য এবং তাদের প্রত্যাশা অনুযায়ী নার্সিং সেবার মান বৃদ্ধির লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর হতে গত ০৮/০৬/২০২১ তারিখে সংক্রামক ব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকায় গণশুনানির আয়োজন করা হয়।

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

নার্সিং ও মিডওয়াইফারি সেক্টরের উন্নয়নের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আগামি দিনের পরিকল্পনাসমূহ-

- ◆ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের যুগোপযোগী অর্গানোগ্রাম প্রস্তুত ও সকল পদ সৃজন।
- ◆ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ও এর আওতাধীন সকল কর্মকর্তা ও কর্মচারীর জন্য পূর্ণাঙ্গ নিয়োগবিধি প্রণয়ন।
- ◆ নার্সিং, নন-নার্সিং ও মিডওয়াইফারি শূন্য পদ সমূহ পূরণের জন্য প্রস্তাব তৈরি, প্রেরণ ও ব্যবস্থা গ্রহণ।
- ◆ স্বাস্থ্য সেবা বিভাগের স্ট্যান্ডার্ড সেট-আপ অনুযায়ী নার্স ও মিডওয়াইফার নতুন পদ সৃজন।
- ◆ নার্সিং শিক্ষার প্রতিষ্ঠানসমূহের স্ট্যান্ডার্ড সেট-আপ প্রস্তুতপূর্বক নার্স ও মিডওয়াইফ শিক্ষকগণের নতুন পদ সৃজন।
- ◆ হাসপাতাল ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে নার্সিং সুপারভাইজার পদ আপগ্রেডেশন।
- ◆ নার্সিং ইন্সট্রাক্টর পদ সৃজন ও আপগ্রেডেশন।
- ◆ হাসপাতাল ও স্বাস্থ্য সেবা কেন্দ্রের নার্সিং ও মিডওয়াইফারি সার্ভিসের জন্য অর্গানোগ্রাম প্রস্তুত ও সকল পদ সৃজন।
- ◆ নার্সিং ইনস্টিটিউটে ছাত্রী হোস্টেল নির্মাণের প্রস্তাব প্রেরণ।
- ◆ পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ ও গাবতলী, বগুড়াকে ব্যবহার উপযোগী করে তোলা।
- ◆ নার্স ও মিডওয়াইফদের ফাউন্ডেশন/বুনিয়াদী প্রশিক্ষণের জন্য পূর্ণাঙ্গ প্রস্তাব ও বাজেট প্রণয়ন।
- ◆ হাসপাতাল ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে নার্সিং ও মিডওয়াইফারি সেবার মান নিয়ন্ত্রনে কেন্দ্রীয়ভাবে রুটিন মনিটরিং টিম গঠনের মাধ্যমে নার্স-মিডওয়াইফদের কাজের জবাবদিহিতা নিশ্চিতকরণ।
- ◆ জেলা পাবলিক হেলথ নার্স, বিভাগীয় সহকারী পরিচালক, নার্সিং সুপারিন্টেনডেন্টসহ মাঠ পর্যায়ের ১ম শ্রেণির পদসমূহের জন্য প্রয়োজনীয় কর্মপরিধি প্রণয়ন ও প্রশাসনিক ক্ষমতায়নের ব্যবস্থাকরণ।
- ◆ নার্স ও মিডওয়াইফগণের জন্য স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন।
- ◆ নার্স ও মিডওয়াইফগণের উচ্চশিক্ষার ক্ষেত্রে প্রেষণ নীতিমালা প্রণয়ন।

- ◆ নার্সিং শিক্ষার প্রতিষ্ঠানসমূহের স্ট্যান্ডার্ড অনুযায়ী অর্গানোগ্রাম সহ সকল পদ সৃজন।
- ◆ বিভাগ ভিত্তিক নার্সিং সুপারভাইজার পদায়ন দ্রুত করা।
- ◆ নার্স ও মিডওয়াইফের এর পদ সৃজনসহ আগামী ১০ বছরের নার্সের সম্ভাব্য নার্সের সংখ্যা নিরূপণ।
- ◆ ১১ টি জেলায় নতুন নার্সিং কলেজ নির্মাণের প্রস্তাব প্রেরণ।
- ◆ পর্যায়ক্রমে প্রতিটি নার্সিং ইনস্টিটিউটকে নার্সিং কলেজে রূপান্তর করার প্রস্তাব ও পদক্ষেপ গ্রহণ।
- ◆ নার্সিং ইনস্টিটিউট ও নার্সিং কলেজগুলোতে পর্যায়ক্রমে বিষয় ভিত্তিক শিক্ষক নিয়োগের ব্যবস্থা গ্রহণ।
- ◆ শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট/কলেজ নির্মাণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- ◆ জাতীয় নার্সিং উচ্চ শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানে (নিয়ানার) পিএইচডি প্রোগ্রাম চালুর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।



বাংলাদেশে কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা
এবং এই কোভিড-১৯ ভ্যাকসিন সাহসিকতার সাথে প্রথম গ্রহণ করেন কুর্মিটোলা জেনারেল হাসপাতাল ঢাকার নার্স রুহু ভেরোনিকা কস্তা